



স্মারক নং- ৫৯.১৪.১৩০০.১৬০.০০০.১৮.২৬. ২২৪৪

তারিখ-১৭/০৯/২০২৬ খ্রি.

অফিস আদেশ

চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর-এর স্টোর ব্যবস্থাপনা ও কার্যক্রম সুষ্ঠু, সুশৃঙ্খল ও কার্যকরভাবে পরিচালনার লক্ষ্যে নিম্নবর্ণিত শিক্ষকদের সমন্বয়ে স্টোর ব্যবস্থাপনা কমিটি গঠন করা হলো।

গঠিত কমিটি অধ্যক্ষ মহোদয়ের পরামর্শ ও নির্দেশনা অনুযায়ী স্টোরের যাবতীয় কার্যক্রম পরিচালনা করবেন এবং স্টোরে সংরক্ষিত মালামালের হিসাব, মজুদ তালিকা ও ভান্ডার রক্ষণাবেক্ষণ কার্যক্রম যথাযথভাবে তদারকি করবেন। একইসঙ্গে স্টোরের মালামাল গ্রহণ, সংরক্ষণ, বিতরণ এবং সংশ্লিষ্ট রেজিস্টার/হিসাবপত্র যথাযথভাবে সংরক্ষিত হচ্ছে কি না, তা নিশ্চিত করবেন।

যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।

স্টোর ব্যবস্থাপনা কমিটিঃ

ক্রমিক	নাম ও পদবি	দায়িত্ব
১।	ডাঃ মোহাম্মদ সাক্কির হোসেন, সহযোগী অধ্যাপক (অর্থোপেডিক সার্জারী) চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর	সভাপতি
২।	ডাঃ মো. ফারুক হোসেন, প্রভাষক (এনাটমি) চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর	সদস্য
৩।	ডাঃ শুক্তারা এ্যানি, প্রভাষক (ফার্মাকোলজি এন্ড থেরাপিউটিক্স) চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর	সদস্য
৪।	ডাঃ তাহফীম আহমেদ, সহকারী অধ্যাপক (শিশু নেফ্রোলজি) স্টোর তত্ত্বাবধায়ক, চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর	সদস্য-সচিব

কার্যপরিধিঃ

- ১। মেডিকেল কলেজের শুরুর থেকে অব্যবহিত গ্রহণকৃত/ক্রয়কৃত সকল মালামাল বুঝে নেওয়া এবং রেজিস্ট্রি খাতায় অন্তর্ভুক্ত করা অর্থাৎ ইনভেন্টরি তৈরি করা।
- ২। ইতিপূর্বে উক্ত প্রতিষ্ঠানে বিভিন্নভাবে ক্রয়কৃত মালামালের আলাদা রেজিস্টার মেইনটেন করা।
- ৩। মেডিকেল কলেজের মালিকানাধীন/দখলে থাকা সকল মালামালের ক্যাটাগরাইজ করা এবং বিভাগ অনুযায়ী সনাক্তকৃত করে তালিকা প্রস্তুত করা। কমিটি আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উপরোক্ত সকল কাজের সম্পন্ন করে দায়িত্বশীল কর্মকর্তার কাছে রিপোর্ট প্রদান করবেন। কমিটি উপর্যুক্ত কাজে কলেজের দুইজন কর্মচারীকে সহযোগী হিসাবে অন্তর্ভুক্ত করতে পারবেন।
- ৪। উর্ধ্বতন কর্তৃপক্ষের তত্ত্বাবধানে ভান্ডার ব্যবস্থাপনা ও মালামাল গ্রহণ, সংরক্ষণ ও বিতরণের যাবতীয় কার্যক্রম সুষ্ঠু ও নিয়ম মোতাবেক পালনের দায়িত্বে নিয়োজিত থাকা এবং ভান্ডার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা।
- ৫। প্রয়োজনকৃত মালামাল গ্রহণ ও বিতরণ নিশ্চিত করা।
- ৬। সঠিক সময়ে সঠিক স্থানে প্রয়োজনীয় মালামাল সরবরাহের প্রস্তাব উপস্থাপন করা এবং অনুমোদনক্রমে সরবরাহের ব্যবস্থা করা।
- ৭। ভান্ডারে রক্ষিত মালামালের মান সম্পন্ন পরিবেশ নিশ্চিত করা।
- ৮। অফিসের যাবতীয় আসবাবপত্র সংরক্ষণ ও সরবরাহের ব্যবস্থা করা।
- ৯। ভান্ডারে রক্ষিত ব্যবহারের অযোগ্য মালামাল চিহ্নিত করা ও নিয়ম মোতাবেক কনডেমেনেশন/ধ্বংস করার কাজে উদ্যোগ গ্রহণ করা।
- ১০। প্রয়োজনীয় সময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশিত দায়িত্ব পালন করা।


অধ্যাপক ডা. মোহাম্মদ ইকবাল হোসেন

অধ্যক্ষ

চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর।

ফোন : ০২৩৩৪৪৮৭০৪৩

e-mail:chandpurmc@ac.dghs.gov.bd


১৭/০৯/২৬